

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.২৪৪.২০১৮- ৩২২৭

তারিখঃ ২৬ আষাঢ় ১৪২৫  
৩০ জুলাই ২০১৮


বিষয় : রীট পিটিশন নং- ৮০৯৫/২০১৮ [ পিটিশনার জনাব মোঃ কামরুল হাসান শায়খ, পিতা- সিরাজুল হক, প্লট নং- ২, রোড নং- ২, বনশ্রী, রামপুরা, ঢাকা - ১২১৯ বনাম - সরকার ও অন্যান্য] এর আরজীর আলোকে দফাওয়ারী জবাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ হাইকোর্ট বিভাগের ২৫.৬.২০১৮ তারিখের রুলের কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, খিলগাঁও থানাধীন বনশ্রী আবাসিক এলাকার পিটিশনার এর মালিকানাধীন প্লটটিতে (প্লট নং- ২, রোড নং- ২, বনশ্রী, রামপুরা, ঢাকা- ১২১৯) নির্মিত ভবনের কনভার্সন ফি প্রদান সাপেক্ষে বাণিজ্যিক অংশের অনুমোদন প্রদানের দাবীতে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ ৮ (আট) জনকে প্রতিপক্ষ করে এই রিটটি দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ শুনানী অন্তে রুল ইস্যু পূর্বক প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালতের আদেশ প্রতিপালনপূর্বক সরকার পক্ষে রিটে প্রতিদ্বন্দিতার লক্ষ্যে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে দফাওয়ারী জবাব এবং ঘটনার প্রকৃত বিবরণী (Statement of Defense) ও প্রাসঙ্গি কাগজপত্র সত্যায়িত করে ২ (দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণে ব্যর্থ হলে দায়-দায়িত্ব সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত ৪ রুলের কপি।

  
(মুহাম্মদ আনোয়ার পাশা)  
উপসচিব  
ফোনঃ+৮৮০(২) ৯৫৪০৯৯৫  
e-Mail: [dslaw1.lgd.gov@gmail.com](mailto:dslaw1.lgd.gov@gmail.com)

চেয়ারম্যান,  
রাজউক, ঢাকা।

সদয় অবগতি/ কার্যার্থে অনুলিপি :

১. সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. চেয়ারম্যান, জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ, সেগুন বাগিচা, ঢাকা।
৩. যুগ্মসচিব (নগর উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ।
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. অফিস কপি/ মাস্টার কপি।